

## প্রিয় পরিবার,

আপনি কি কখনও জানতে চেয়েছেন যে আপনার শহরে কত মানুষ বাস করে? এখন আপনি তা সহজেই জানতে পারবেন!

সংবিধান মতে প্রতি 10 বছর অল্প মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তিদের গণনা করতে হয়, তাদের জাতীয়তা, নাগরিকত্বের অবস্থা, বর্ণ, বয়স অথবা লিঙ্গ যাই হোক না কেন। এই গণনাকে সেন্সাস বলা হয়, এবং এটি আবার হতে চলেছে বসন্ত 2010-এ। আপনাদের কমিউনিটির ব্যবসায়িক ও সামাজিক গ্রুপগুলি, ও তার সঙ্গে স্থানীয়, রাজ্য ও কেন্দ্রীয় সরকার এই সেন্সাস থেকে আহরিত তথ্য ব্যবহার করে বিভিন্ন সিদ্ধান্ত নেবেন যার মধ্যে অন্তর্ভুক্ত হবে, যে কোথায় কোথায় কমিউনিটি সেন্টার, স্কুল ও হাসপাতাল গড়তে হবে ইত্যাদি। এই কারণেই আপনার মতামত এত গুরুত্বপূর্ণ।

2010 সেন্সাস প্রশ্নাবলীটি সংক্ষিপ্ত, সেটি পূরণ করতে মাত্র 10 মিনিট সময় লাগে এবং এটি 100 শতাংশ গোপনীয়। মার্চ 2010-এ ডাকযোগে প্রশ্নাবলী পান ও সেটিকে পূরণ করে ফেরত দিতে ভুলবেন না।

ধন্যবাদান্তে ইতি,

*Robert M. Groves*

Robert M. Groves

ডিরেক্টর

ইউ. এস. সেন্সাস ব্যুরো

### কাদের গণনা করা হবে?

পরিবারের মধ্যে অন্তর্ভুক্ত হয় :

- শিশু, পালিত শিশু অথবা বুয়মেট
- আপনার সঙ্গে থাকেন এমন কোনো ব্যক্তি যাঁর অন্য কোনো থাকার স্থান নেই
- এমন কোনো ব্যক্তি যাঁর অন্য কোনো থাকার স্থান থাকা সত্ত্বেও যিনি আপনার বাড়িতে অধিকাংশ সময়ে থাকেন।

পরিবারের মধ্যে অন্তর্ভুক্ত হয় না :

- সেইসব ব্যক্তি যাঁরা অধিকাংশ সময়ে অন্য স্থানে থাকেন।
- কলেজ অথবা বোর্ডিং স্কুলে পাঠরত বাড়ির বাইরে থাকা ছাত্র-ছাত্রীগণ
- অন্য স্থানে থাকা সামরিক ব্যক্তিগণ



বিশদ তথ্যের প্রয়োজন? আজই দেখুন [www.census.gov](http://www.census.gov)!

এই পৃষ্ঠাটি আপনার রেফ্রিজারেটরে টাঙিয়ে রাখুন ও 2010 সেন্সাস সংক্রান্ত জ্ঞান আপনার পুরো পরিবারের সঙ্গে ভাগ কওে নিন।

The image shows a sample of the 2010 Census form. It includes instructions for filling out the form, such as 'Use a blue or black pen' and 'Start here'. The form asks for basic information about the household, including the number of people living there, the date of birth for each person, and their race and ethnicity. It also asks for the telephone number and the area code. The form is titled 'U.S. DEPARTMENT OF COMMERCE' and 'U.S. CENSUS BUREAU'.

## মার্চ মাসে আপনার পরিবার সংক্রান্ত প্রশ্নাবলী পান।

আপনার পরিবারকে যাতে গণনা করা হয় সেটি নিশ্চিত করতে প্রশ্নাবলীটি পূরণ করে সেটি ডাকযোগে পাঠিয়ে দিন।



পান

পূরণ করুন

ফেরত পাঠান

### 2010 সেন্সাস প্রশ্নাবলী থেকে আপনি কী আশা করতে পারেন

2010 ফর্মে মাত্র 10টি প্রশ্ন আছে যা পূরণ করতে মাত্র 10 মিনিট সময় লাগবে। আপনার পরিবার সম্পর্কে সেন্সাস তথ্য সংগ্রহ করতে নিম্নলিখিত দুটি পদ্ধতির মধ্যে যে কোনো একটি ব্যবহার করা হবে:

a) প্রশ্নাবলী আপনার বাড়িতে পাঠানো হবে। এগুলি আপনি মার্চ 2010 -এ পাবেন এবং সহজে ডাকযোগে পাঠানোর জন্য এগুলিতে পোস্টেজ-প্রেপেড স্ট্যাম্প দেওয়া থাকবে।

b) গোপনীয়তায় অঙ্গীকারবদ্ধ সেন্সাস কর্মীরা বাড়ি-বাড়ি ঘুরবেন। যদি আপনি ডাকযোগে প্রশ্নাবলী না পাঠান, একজন সেন্সাস কর্মী (তাঁর যথাযথ পরিচয়পত্র দেখিয়ে) আপনার বাড়িতে এসে তথ্য সংগ্রহ করবেন।

### 2010 সেন্সাস -এর সাধারণ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

- আমার পরিবারভুক্ত হিসাবে কাদের গণনা করা হবে?** সবাইকে! সমস্ত ছেলেমেয়ে, শিশু ও প্রাপ্তবয়স্ক যারা আপনার পরিবারে থাকেন তাঁদের গণনা করা হবে তাদের জাতীয়তা, নাগরিকত্বের অবস্থা, বর্ণ, বয়স অথবা লিঙ্গ যাই হোক না কেন।
- কীভাবে আমার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত থাকবে?** একজন সেন্সাস কর্মীর ক্ষেত্রে ব্যক্তিগত ও গোপনীয় তথ্য প্রকাশ করা কেন্দ্রীয় অপরাধ হিসাবে দেখা হবে এবং এর শাস্তি কারাবাস। ব্যক্তিগত তথ্য কেবলমাত্র রাশিবিজ্ঞানের জন্য সংগ্রহ করা হয় ও সেটি 72 বছরের জন্য সীল করে দেওয়া হয়।
- সেন্সাস-এর প্রশ্ন উত্তর দেওয়ার জন্য আমাকে সমস্যা পড়তে হতে পারে কি?** না, সেন্সাস-এর তথ্য সম্পূর্ণ গোপনীয়। এটি কখনও অন্যান্য সরকারী সংস্থা, যাদের মধ্যে অন্তর্ভুক্ত আই-আর-এস, অভিবাসন সংক্রান্ত কোনো দপ্তর, অথবা এফ-বি-আই ইত্যাদির কাছে প্রকাশ করা হয় না। সেন্সাস তথ্য প্রকাশ করা কেন্দ্রীয় অপরাধ হিসাবে গণ্য হয়।

আরও প্রশ্ন আছে?

দেখুন [www.census.gov](http://www.census.gov)